would have access to communal spaces including study, library and social lounge space that elevated quality of life and experience as a university student. The communal spaces alone would drive student engagement in learning and time outside the classroom on non-academic activities that build community and connection. Beyond student housing, the establishment of free university shuttles that run from university housing developments to and from campus, would create an affordable, efficient means for students to travel to campus. Since student housing developments will be centrally located, accessible to all universities, the university bus system will allow for an organized means of centralizing transportation for students to their universities with ease. This would also assist in reducing traffic in urban areas where overcrowding on public transport is a common issue. Organizing a dedicated bus service for its students, rather than relying on local public transport, would make the transportation system more predictable and convenient for everyone in the university environment. Delivering free or subsidized transport would allow students to put their funds into other significant areas; food, study materials, and extra-curricular activities. Another important advantage of a student-communal housing system is the potential for increased safety and security. Students in private rented accommodation often experienced challenges related to the safety and security of their homes or environments. Organizing students into purpose-built housing facilities dictated by the universities will allow them to maintain a student's living standards, levels of security, and levels of monitoring staff, which in turn provides a much safer environment. To increase security, university housing facilities could also have higher levels of security features than independent housing including CCTV, 24-hour security, access control, and other types of security increases for the students, eliminating even more possibilities of vulnerability. For especially new students, who may be away from home for the first time and are not familiar with the city, security becomes an even bigger issue and often can create anxiety amongst students leaving home for the first time. If safe living areas are prevalent in our campuses, it would help students feel more at ease in their surroundings, allowing them to concentrate on their studies and personal growth, rather than worrying whether they are safe. Also, having campus safety and university personnel assigned to these housing communities would give students a sense of safety and support. Having access to these services, would make students feel more at ease and confident in their living area. In addition to housing, the notion of a community-based system could further expand to creating a system to facilitate students being able to implement together educational and social initiatives. Curriculum: the development of shared spaces for students, shared study lounges, lecture halls, library, recreation spaces and sports spaces would improve student's ability to use and work with each other as they work together. More mostly, the shared spaces would provide community-minded and related initiatives for continuing students to enjoy and share meaningful time with other students in their residential buildings, while reinforce their sense of community. These spaces would promote the development of student groups and organizations, which would host events, workshops, and cultural activities that promote a holistic university experience. The shared housing concept would also mean that students have greater access to resources, career support or recreational resources. More fundamentally, this type of housing would foster connections and belonging, as students from unique universities, or backgrounds could come together and create lasting relationships. Lastly, the potential for improved mental health outcomes

represents a significant benefit of community-based housing. Many students, particularly those far from home, struggle with loneliness, isolation, and other mental health issues. The availability of a community of peers and mentors would give students a vital buffer to cope with these issues. The location of counseling services, peer support systems, and social activities in the housing complex would give students the tools necessary to manage their mental health and help them thrive. This part of the housing system would reduce the increasing prevalence of mental health concerns among university students in Bangladesh. Given the growing concern of mental health issues amongst young adults, especially as they face the pressures of university life, providing a community-oriented, social housing model could be preventative, perhaps ensuring a healthier, more resilient body of students. Universities in Bangladesh must recognize the rise in the number of students now attending institute, and not defer their discussions regarding student accommodation. A community-focused, affordable housing system allows us to provide housing that allows students to live at a safe, supportive, affordable, and eventual academic success. A student housing initiative, like the one presented here could transform the student experience in Bangladesh, suggesting students would have a wellspring of resources to draw upon, and would also alleviate some of the socio-spatial pressures urban housing markets presently face. Adopting a collaborative spirit, universities in Bangladesh could work together to implement a system that benefits all: students and the whole community. If this community-based housing system is implemented it could change the future of student life in Bangladesh. It would free students from housing stress, giving students the possibility to study at their full potential and not be disturbed by the sheer stress of living costs and accommodation. Students would be able to move into the space and simply live, learn and collaborate without constraints. Actualizing this model, would be empowering students to utilize their full potential to foster the future economic development and success of Bangladesh. We can create a generation not only educated, but crucial for taking advancing Bangladesh. Moreover, this would provide enormous economic and systemic change, but also more equitable, resourceful, and community supported space making the academy focus more on what mattered-learning, developing and contributing to society when and where possible.

# একসাথে, টেকসই নগর ও কমিউনিটি গড়ার পথে: ঐতিহাসিক বিবর্তন থেকে বাংলাদেশের টেকসই নগর ভবিষ্যৎ

## পরিকল্পনাবিদ মোহাম্মদ রাসেল কবির

ফেলো, বাংলাদেশ ইনসিটিউট অব প্ল্যানার্স (বিআইপি)

### ভূমিকা

প্রতি বছর ৮ নতুন বিশ্বব্যাপী বিশ্ব নগর পরিকল্পনা দিবস উদযাপিত হয়। এ দিবস পালনের মূল উপজীব্য হল পরিকল্পিত নগরের গুরুত্ব উপলক্ষ করা, যেখানে মানুষ নিরাপদে বসবাস, কর্মসংস্থান এবং বিনোদনের সুযোগ পায়, যা টেকসই, ন্যায়সংগত ও প্রাণবন্ত কমিউনিটি গঠনে সহায়তা করে। জাতিসংঘের টেকসই উন্নয়ন লক্ষ্য- ১১ (SDG-11) হলো “নগর ও মানব বসতিগুলোকে অন্তর্ভুক্তিমূলক, নিরাপদ, অভিঘাত সহিষ্ণু ও টেকসই করা”, যা এই দিবসের মর্মকে আরও স্পষ্ট করে তোলে। এই দর্শনের সঙ্গে সামঞ্জস্য রেখে, এই দিবসটি আমাদের আরও মনে করিয়ে দেয়- নগরগুলো মানুষের জন্য, শুধু পুঁজির সমিবেশের জন্য নয়। এই লক্ষ্য অর্জনের জন্য প্রয়োজন অন্তর্ভুক্তিমূলক পরিচালন ব্যবস্থা, অংশগ্রহণমূলক পরিকল্পনা, এবং বুঁকিপূর্ণ নগর জনগোষ্ঠীর জন্য লক্ষ্যভিত্তিক কর্মসূচী।

ঐতিহাসিকভাবে, নগর পরিকল্পনা সংশ্লিষ্ট প্রতিষ্ঠান ও প্রকল্পসমূহ প্রায়শই শাসক বা অভিজাত শ্রেণি স্বার্থে ব্যবহৃত হয়েছে। কিন্তু গত শতকে নগর পরিকল্পনায় একটি মৌলিক পরিবর্তন এসেছে। কেন্দ্রীয় ও পুঁজিঘন পরিকল্পনা থেকে অংশগ্রহণমূলক, কমিউনিটি-কেন্দ্রিক পদ্ধতির দিকে পরিকল্পনা চর্চার বিবর্তন ঘটেছে। এখন টেকসই নগরায়ন বলতে শুধু অবকাঠামো নির্মাণ বা বিনিয়োগ বোঝায় না, এটি মানুষের মতামত, ঘাটতি ও আকাঙ্ক্ষার অন্তর্ভুক্তি ও প্রতিফলিত রূপ বোঝায়।

বিশ্ব নগর পরিকল্পনা দিবস ২০২৫ আমাদের আমন্ত্রণ জানায়- নগর গঠনের ভাবনা যেন শুধু পরিকল্পনাবিদ, স্থপতি ও প্রকৌশলীদের হাতে সীমাবদ্ধ না থাকে, বরং সেইসব কমিউনিটির অংশগ্রহণে গঠিত হোক, যারা নগরজীবনের বাস্তবতা বহন করেন। বাংলাদেশের প্রেক্ষাপটে এর অর্থ হলো নগর পরিচালন, আবাসন ও অন্যান্য অবকাঠামো উন্নয়ন এবং জলবায়ু সহনশীলতা পুর্ণাবনা করা, কমিউনিটির প্রত্যক্ষ অংশগ্রহণ ও অন্তর্ভুক্তিমূলক পরিকল্পনা পদ্ধতির মাধ্যমে।

### ইতিহাসের বিবর্তন: অভিজাতদের জন্য পরিকল্পনা থেকে জনগণের জন্য পরিকল্পনা

নগর পরিকল্পনা কখনোই রাজনৈতিক-নিরপেক্ষ ছিল না। ইতিহাসজুড়ে এটি ক্ষমতাধর তথা রাজা, শিল্পপতি ও উপনিবেশিক শাসকদের অগ্রাধিকারকে প্রতিফলিত করেছে। তবে সময়ের সাথে সাথে নগর পরিকল্পনা ক্রমশ সামাজিক ন্যায় ও জনকল্যাণমুহূর্তে রূপে বিবর্তিত হয়েছে।

### ক্ষমতাধরদের জন্য পরিকল্পনা

বাবিলন, রোম কিংবা মোহেঝোদারোর মতো প্রাচীন সভ্যতায় নগর ছিল ক্ষমতা ও শ্রেণিবিভাজনের প্রতীক। লুইস মামফোড (১৯৬১) মন্তব্য করেছিলেন, প্রাচীন নগরসমূহ ছিল “সামাজিক সমতার নয়, বরং সামাজিক শৃঙ্খলার যন্ত্র”।

উনিশ শতকে শিল্প বিপ্লব ও পুঁজিবাদের উত্থান নগর পরিকল্পনাকে অর্থনৈতিক নিয়ন্ত্রণের হাতিয়ার বানায়। ব্যারন হাউসম্যানের প্যারিস (১৮৫৩-১৮৭০) এই প্রবণতার প্রতীক- আধুনিক, কার্যকর ও আকর্ষক, কিন্তু গভীরভাবে বৈষম্যমূলক। ডেভিড হার্ডে (২০০৮) একে “শ্রেণি স্বার্থ টিকিয়ে রাখার কোশল” হিসেবে অভিহিত করেছেন, যা নগরকে অভিজাতদের কাছে সৌন্দর্যপূর্ণ করে তুলেছিল, কিন্তু হাজার হাজার দরিদ্র বাসিন্দাকে সেখান থেকে উচ্ছেদ করেছিল।

তৎকালীন সমসাময়িক উপনিবেশিক শহরগুলোতেও বিভাজনের প্রতিচ্ছবি ছিল। বিটিশ ভারতে কলকাতা ও দিল্লির মতো নগরগুলোতে “হোয়াইট টাউন” ও “নেটিভ টাউন” নামে স্থানিক বিভাজন ছিল (কিং, ১৯৭৬)। ঢাকার উপনিবেশিক পরিকল্পনাও

একই ধারার প্রতিফলন, যেখানে ইউরোপীয় বসতি ও ক্যান্টনমেন্ট এলাকাগুলোকে অগ্রাধিকার দেওয়া হয়েছিল, আর স্থানীয় বসতিগুলো ছিল উপেক্ষিত (নিলুফার, ২০১০)।

ব্রাজিলের ব্রাসিলিয়া, উত্তর ভারতের চণ্ডীগড়, বা বর্তমান বাংলাদেশের ঢাকার প্রাথমিক মহাপরিকল্পনা জাতীয় উচ্চাকাঙ্ক্ষার প্রতীক হলেও, স্থানীয় বাস্তবতা প্রায়ই উপেক্ষিত হয়েছে। ফ্রিডম্যান (১৯৮৭) একে “আধুনিকায়নের হাতিয়ার” হিসেবে অভিহিত করেছেন, গণতান্ত্রিকীকরণের নয়।

### আধুনিকতাবাদ ও বিশেষজ্ঞ নির্ভর পরিকল্পনা

বিশ শতকের আধুনিকতাবাদী আন্দোলন তথাকথিত “বৈজ্ঞানিক ও বিশেষজ্ঞ নির্ভর” পরিকল্পনার মাধ্যমে অভিজাতদের নিয়ন্ত্রণকে আরও সুসংহত করে। লে করবুজিয়ের Radiant City (১৯৩৫) এবং দ্বিতীয় বিশ্ব যুদ্ধ-পরবর্তী “মহাপরিকল্পনা (Master Plan)” সমূহ আঞ্চলিক বিভাজন (zoning) ও জ্যামিতিক কাঠামোর মাধ্যমে শহরের তথাকথিত কার্যকারিতা বাড়াতে গিয়ে অর্থনৈতিক, রাজনৈতিক ও প্রশাসনিক শৃঙ্খলা প্রতিষ্ঠার চেষ্টা করে, মনুষ্য উপযোগী মাত্রার (Human Scale) বিনিময়ে। এই ধরনের পরিকল্পনাগুলো মানুষের দৈনন্দিন জীবনের বহমাত্রিকতা উপেক্ষা করে নিয়ন্ত্রণযোগ্য নগর কাঠামোকে অগ্রাধিকার প্রদান করেছিল। জেমস স্কট (১৯৯৮) তাঁর গ্রন্থ Seeing Like a State-এ উল্লেখ করেন, “এই ধরনের পরিকল্পনা নগরজীবনকে সরলীকরণ ও নিয়ন্ত্রণ করে প্রশাসনিক ক্ষমতার স্থার্থে”।

বিশ শতকের শেষভাগে এসে এই “বিশেষজ্ঞ দ্বারা বৈজ্ঞানিক মহাপরিকল্পনা”-র প্রতি আস্থা ক্রমশ ভেঙে পড়তে শুরু করে। আধুনিকতাবাদের ধারণায় ভর করে প্রগতি এই ধরনের পরিকল্পনাগুলোর মূল ভিত্তিই ছিল বিশাল আকারের বহুতল ভবন, উন্মুক্ত সবুজ স্থান, এবং কঠোর আঞ্চলিক বিভাজন। এটি মূলত নগরীর কার্যকারিতা এবং স্বাস্থ্যসম্মত পরিবেশের দোহাই দিয়ে প্রতিষ্ঠিত হয়েছিল, কিন্তু সমালোচকদের মতে, এটি মনুষ্য উপযোগী মাত্রার সঙ্গে সঙ্গতিপূর্ণ ছিল না।

এছাড়াও, যেসব নগর পুনর্গঠন প্রকল্পগুলো শ্রমজীবী জনগোষ্ঠীকে উচ্ছেদ করেছিল, তা “একই হাঁচে সবার জন্য (one size fits all)” মডেলের ব্যর্থতা প্রকাশ করে। উন্নত ও উন্নয়নশীল উভয় দেশেই এই Top-down পরিকল্পনা অনানুষ্ঠানিকতাকে (informality) উপেক্ষা করেছে, দরিদ্রদের পরিকল্পনা থেকে বাদ দিয়েছে, এবং বৈষম্যকে আরও গভীর করেছে। জন ফ্রিডম্যান (১৯৮৭) যুক্তি দেন যে, “পরিকল্পনাকে ‘উন্নয়ন নিয়ন্ত্রণ থেকে পরিবর্তন ব্যবস্থাপনা’-তে বৃপ্তাত্তিরিত হতে হবে। এর জন্য প্রয়োজন সংলাপের, আধিপত্তের নয়।”

### অংশগ্রহণমূলক পরিকল্পনা ও অ্যাডভোকেসির উত্থান এবং জনগণের জন্য পরিকল্পনা

১৯৬০-৭০ এর দশকে এই বিশেষজ্ঞ নির্ভর পরিকল্পনার আধিপত্য চ্যালেঞ্জের মুখে পড়ে। জেন জ্যাকবস (১৯৬১) এমন অকার্যকর নগর পুনর্গঠনের বিরুদ্ধে গিয়ে শহরের প্রাণবন্ত পথজীবন (street life) ও কমিউনিটির প্রাণচাঞ্চল্যাত্মক পক্ষে অবস্থান নেন। পল ডেভিডফ (১৯৬৫) “অ্যাডভোকেসি প্ল্যানিং” এর ধারণা উত্থাপন করেন, যেখানে পরিকল্পনাবিদদের প্রাণিক জনগোষ্ঠীর প্রতিনিধিত্ব করার আহ্বান জানানো হয়। এছাড়াও, জন ফ্রিডম্যানের (১৯৭৩) “ট্রানজ্যাকটিভ প্ল্যানিং” ও প্যাটসি হিলির (১৯৯৭) “কোলাবোরেটিভ প্ল্যানিং” সবই নাগরিক ও পরিকল্পনাবিদের পারস্পরিক বোঝাপড়া ও শিখনের উপর জোর দেয়। বিশ শতকের শেষ পর্যন্ত বিভিন্ন তাত্ত্বিক আলোচনার মাধ্যমে “অংশগ্রহণমূলক পরিকল্পনা”-র ধারণা নগর পরিকল্পনাকে নতুনভাবে রূপ দেয়।

১৯৯০ এর দশকে রবার্ট চেস্বার্স অংশগ্রহণমূলক উন্নয়ন আন্দোলন (Participatory Development Movement) নামক একটি বৈপ্লাবিক ধারণা গড়ে তোলেন। এটি ছিলো প্রচলিত উন্নয়ন পদ্ধতির ব্রুটগুলোর বিরুদ্ধে প্রতিক্রিয়াশীল আন্দোলন। ১৯৯৪ সালে প্রকাশিত তার লেখাগুলোয় তিনি এই আন্দোলনের একটি গুরুত্বপূর্ণ দিক তুলে ধরেন, যেখানে তিনি সমাজের প্রাণিক জনগোষ্ঠীকে উন্নয়ন প্রক্রিয়ার কেন্দ্রে নিয়ে আসার কথা বলেন। এ আন্দোলন PRA ও কমিউনিটি ম্যাপিং-এর মতো ধারণা প্রবর্তন করে, যা স্থানীয় জনগণকে পরিকল্পনা প্রক্রিয়ার সাথে যুক্ত করে এবং তথ্য বিশ্লেষণ ও সিদ্ধান্ত গ্রহণ প্রক্রিয়াকে গণতান্ত্রিক করে তোলে।

### অংশগ্রহণমূলক পরিকল্পনার (Participatory Planning) প্রাতিষ্ঠানিকীকরণ

১৯৯৬ সালে তুরস্কের ইস্তাম্বুলে অনুষ্ঠিত দ্বিতীয় জাতিসংঘ মানব বসতি সম্মেলন, যা Habitat II নামে পরিচিত, অংশগ্রহণমূলক পরিকল্পনা-র প্রাতিষ্ঠানিকীকরণে একটি গুরুত্বপূর্ণ মোড় ছিল। এই সম্মেলনে অংশীদারিত (Partnership)-এর ধারণাকে জোর দেওয়া হয় এবং ইতিহাসে প্রথমবারের মতো সরকার ছাড়াও স্থানীয় কর্তৃপক্ষ, বেসরকারি সংস্থা (NGO), বেসরকারি খাত এবং শিক্ষাবিদদের মতো বিভিন্ন অংশীদাজনদের আলোচনায় অন্তর্ভুক্ত করা হয়। সাধারণ মানুষের অংশগ্রহণ ছাড়া কোনো টেকসই

নগরায়ন সম্ভব নয়- এই ধারণাকে সামনে রেখে এই সম্মেলনটি একটি আন্তর্জাতিক কাঠামো তৈরি করে। ফলে, পরবর্তী দুই দশক ধরে অংশগ্রহণমূলক পরিকল্পনা নগর পরিকল্পনার একটি আবশ্যিক নীতি হিসেবে প্রতিষ্ঠিত হয়।

পরবর্তীতে, ২০১৬ সালে ইকুয়েডরের কুইটোতে অনুষ্ঠিত Habitat III সম্মেলনে New Urban Agenda গৃহীত হয়। এই দলিলটি টেকসই নগরায়নের জন্য একটি নতুন দিকনির্দেশনা হিসেবে কাজ করে এবং অংশগ্রহণমূলক পরিকল্পনা-র ধারণাকে আরও দৃঢ়ভাবে প্রতিষ্ঠিত করে। New Urban Agenda অংশগ্রহণমূলক পরিকল্পনাকে শুধু একটি পদ্ধতি হিসেবে নয়, বরং অন্তর্ভুক্তিমূলক ও টেকসই নগরায়নের মূল স্তর হিসেবে চিহ্নিত করে। এটি নিশ্চিত করে যে, শহরগুলোর পরিকল্পনা, উন্নয়ন ও ব্যবস্থাপনার ক্ষেত্রে সকল নাগরিকের, বিশেষ করে প্রান্তিক জনগোষ্ঠীর মতামত প্রতিফলিত হবে।

### বাংলাদেশে টেকসই নগর ভবিষ্যৎ গঠনে অংশগ্রহণমূলক পরিকল্পনার গুরুত্ব

বিশ্বব্যাংকের (২০২৩) মতে, ২০৩৫ সালের মধ্যে বাংলাদেশের শহরে জনসংখ্যা ৪০% ছাড়াবে। দুটি নগরায়ন ও অপরিকল্পিত উন্নয়নের কারণে সৃষ্টি বিভিন্ন চ্যালেঞ্জ যেমন- আবাসন সংকট, পরিবেশ দূষণ, যানজট এবং সামাজিক বৈষম্য মোকাবিলায় অংশগ্রহণমূলক পরিকল্পনা এক কার্যকর কৌশল। এটি নিশ্চিত করে যে, উন্নয়নের সিদ্ধান্ত গ্রহণে শুধু বিশেষজ্ঞ বা কর্তৃপক্ষ নয়, বরং সাধারণ জনগণ, বিশেষ করে সমাজের প্রান্তিক ও সুবিধাবিহীন মানুষেরা সক্রিয়ভাবে যুক্ত থাকে। এর ফলে, জনগণের চাহিদা, আকাঙ্ক্ষা ও স্থানীয় জ্ঞান পরিকল্পনায় প্রতিফলিত হয়, যা ফলপ্রসূ ও টেকসই ফলাফল বয়ে আনে।

নগরবাসীর অভিজ্ঞতা, চাহিদা ও স্বপ্নকে পরিকল্পনার কেন্দ্রে নিয়ে আসার মাধ্যমে স্থানীয় সরকার এবং জনগণের মধ্যে এক ধরনের পারস্পরিক আঙ্গ ও মালিকানা তৈরি হয়। যখন কোনো প্রকল্পের পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়নে স্থানীয় জনগণের নিজস্ব আগ্রহ ও সম্পৃক্ততা থাকে, তখন সে প্রকল্পের টেকসই হওয়ার সম্ভাবনা বহলাংশে বেড়ে যায়। পাশাপাশি, সম্পদের সুষ্ঠু ব্যবহার নিশ্চিত হয় এবং নাগরিক সেবা যেমন পানি সরবরাহ, পয়ঃনিষ্কাশন এবং বর্জ্য ব্যবস্থাপনার মানোন্নয়ন ঘটে। এটি কেবল অবকাঠামোগত উন্নয়ন নয়, বরং সামাজিক অন্তর্ভুক্তিমূলক এবং জবাবদিহিতাও বৃদ্ধি করে।

উন্নয়নশীল দেশের প্রক্ষেপণে, World Bank ও UN-Habitat সমর্থিত Sites and Services এবং Slum Upgrading প্রকল্পসমূহ দেখিয়েছে- কমিউনিটি অন্তর্ভুক্তি ফলপ্রসূ পরিকল্পনার পূর্বশর্ত। বাংলাদেশে Slum Improvement Project (SIP), Urban Partnerships for Poverty Reduction (UPPR), UGIIP প্রকল্পসমূহ এবং BRAC Urban Development Programme ইত্যাদিতে অংশগ্রহণমূলক পরিকল্পনা/পদ্ধতির প্রতিফলন ঘটেছে এবং প্রমাণিত হয়েছে যে এটি অধিক কার্যকর ও ন্যায্য। এই পদ্ধতি প্রয়োগ করে জীবনযাত্রার মান ও সামাজিক সংহতি উন্নত করা সম্ভব হয়েছে।

এই প্রকল্পগুলো দরিদ্র বস্তিবাসীদের জীবনমান উন্নয়নের জন্য কমিউনিটি ডেভেলপমেন্ট কমিটি (CDC) ও ওয়ার্ড-ভিত্তিক ফোরামের মাধ্যমে তাদের সক্রিয় অংশগ্রহণ নিশ্চিত করে, যা পরবর্তীতে প্রকল্পগুলোর সফল বাস্তবায়নে মুখ্য ভূমিকা পালন করেছে। ADB (২০১৬) রিপোর্টে দেখা যায়, যেসব পৌরসভায় সক্রিয় নাগরিক অংশগ্রহণ ছিল, স্থানে সেবার মান ও আঙ্গ উভয়ই বেড়েছে। এভাবে অংশগ্রহণমূলক পরিকল্পনা বৈষম্য হাস করে এবং দরিদ্র ও প্রান্তিক জনগোষ্ঠীকে উন্নয়নের মূল ধারায় সম্পৃক্ত করে, যা একটি টেকসই ও অন্তর্ভুক্তিমূলক নগর সমাজের জন্য অপরিহার্য।

এছাড়াও, বাংলাদেশে নগর উন্নয়ন অধিদপ্তর (ইউডিডি) এবং রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ (রাজডিক) সহ অন্যান্য বড় শহরগুলোর জন্য গঠিত উন্নয়ন কর্তৃপক্ষ ছাড়াও বর্তমানে স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর (এলজিইডি) কর্তৃক জেলা, উপজেলা, ও শহর পর্যায়ে উন্নয়ন পরিকল্পনা প্রণয়ন করা হয়ে থাকে। এছাড়াও, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর (ডিপিএইচই) সহ অন্যান্য বেশ কিছু সরকারি প্রতিষ্ঠান তাদের নিজ নিজ খাত-ভিত্তিক অবকাঠামো উন্নয়ন পরিকল্পনা প্রণয়ন করে। এই সকল পরিকল্পনা প্রণয়ন প্রকল্পে প্রান্তিকভাবে কমিউনিটির অংশগ্রহণ নিশ্চিত করতে ক্ষেত্রবিশেষে PRA এবং Consultative Workshop মতো পদ্ধতি ব্যবহার করা হয়। কিন্তু, বেশীরভাগ ক্ষেত্রেই বাস্তবায়নের অভাবে এই সকল পরিকল্পনাসমূহে কমিউনিটি অংশগ্রহণের সুফল জানা সম্ভব হয়ে ওঠেনি। বিভিন্ন গবেষণায় দেখা গেছে, রাজনৈতিক হস্তক্ষেপ, আমলাতান্ত্রিক জটিলতা এবং সম্পদের সীমাবদ্ধতা এই ধরনের পরিকল্পনার বাস্তবায়নে প্রধান বাধা হিসেবে কাজ করে। ফলে, জনগণের অংশগ্রহণ প্রায়শই একটি আনুষ্ঠানিকতা হয়ে দাঁড়ায় এবং প্রকল্পের প্রকৃত লক্ষ্য অর্জিত হয় না।

বাংলাদেশে ইতিমধ্যে বাস্তবায়িত কিছু প্রকল্প ও কর্মসূচির অভিজ্ঞতার আলোকে বলা যেতে পারে অংশগ্রহণমূলক পরিকল্পনা-র পৌঁছানি গুরুত্বপূর্ণ সুফল রয়েছে:

১. **স্থানীয় জ্ঞানকে কাজে লাগানো:** ঢাকার করাইল বষ্টির মতো অনানুষ্ঠানিক সম্পদায় নিজেরাই বর্জ্য ব্যবস্থাপনা ও জলাবদ্ধতা মোকাবেলায় সক্রিয়। রায় (২০০৫) দেখিয়েছেন, এই ক্ষুদ্র-পরিসরের উদ্যোগগুলোকে পরিকল্পনায় অন্তর্ভুক্ত করলে তা আরও প্রাসঙ্গিক ও কার্যকর হয়।
২. **জলবায়ু সহনশীলতা বৃদ্ধি:** BRAC ও Bangladesh Red Crescent Society পরিচালিত অংশগ্রহণমূলক অভিযোজন প্রকল্পগুলো প্রমাণ করেছে, ঝুঁকিপূর্ণ জনগোষ্ঠী যখন সমাধান প্রক্রিয়ায় যুক্ত হয়, তখন ঝুঁকি ব্যবস্থাপনা আরও টেকসই হয় (আয়ার্স ও ফোরসাইথ, ২০০৯)।
৩. **পরিচালন ব্যবস্থা শক্তিশালীকরণ:** UGIIP প্রকল্পে গোরসভাগুলোর অনুদান প্রাপ্তি কমিউনিটির অংশগ্রহণের সঙ্গে সংযুক্ত ছিল, যা দায়বদ্ধতা ও কর্মক্ষমতা বৃদ্ধি করেছে। (ADB, ২০১৬)।
৪. **সামাজিক ন্যায় প্রতিষ্ঠা:** UPPR প্রকল্প ৩০ লক্ষাধিক দরিদ্র জনগোষ্ঠী, যাদের বেশিরভাগই নারী, -দের কমিউনিটি ডেভেলপমেন্ট কমিটিতে (CDC) সংগঠিত করেছে এবং এই প্রকল্প প্রমাণ করেছে যে অংশগ্রহণ বৈষম্য হ্রাস করে (UNDP, ২০১২)।
৫. **টেকসই উন্নয়ন নিশ্চিতকরণ:** রাজশাহী ও গাজীপুরের কমিউনিটি-নেতৃত্বাধীন বর্জ্য ব্যবস্থাপনা প্রকল্পগুলো প্রমাণ করেছে, অন্তর্ভুক্তি দীর্ঘমেয়াদি মালিকানা ও রক্ষণাবেক্ষণকে উৎসাহিত করে।

#### একসাথে, টেকসই নগর ও কমিউনিটি গড়ার পথে

আজকের বিশ্বে অংশগ্রহণমূলক পরিকল্পনা একটি প্রতিষ্ঠিত নীতি, কিন্তু প্রায়ই তা নামমাত্র। কুক ও কোথারি (২০০১) সতর্ক করেছেন, “অংশগ্রহণ” যদি ক্ষমতার পুনর্বর্ণন না করে, তবে তা প্রতীকী হয়ে ওঠে। সত্যিকারের অংশগ্রহণমূলক পরিকল্পনার জন্য প্রয়োজন প্রাতিষ্ঠানিক সংস্কার, সক্ষমতা বৃদ্ধি, এবং ন্যায়বিচার প্রতিষ্ঠায় রাজনৈতিক অঙ্গীকার। কার্যকর বাস্তবায়ন নিশ্চিত করাগে এটি সমাজের সকল স্তরের মানুষের জন্য একটি বাসযোগ্য, নিরাপদ এবং টেকসই নগর ভবিষ্যৎ নিশ্চিত করতে সহায়ক হবে।

বাংলাদেশের সামাজিক ও রাজনৈতিক সংস্কৃতির সঙ্গে অংশগ্রহণের ধারণা গভীরভাবে সংযুক্ত। গ্রাম সমিতি, গ্রাম সরকার, এবং সমসাময়িক এনজিও ও কমিউনিটি-ভিত্তিক সংগঠনসমূহ- এ সবই সমষ্টিগত উদ্যোগের ঐতিহাসিক ধারাকে প্রতিফলিত করে। এই দীর্ঘদিনের পারস্পরিক সহায়তার ঐতিহ্য নগর পর্যায়ে অংশগ্রহণমূলক চর্চার প্রাতিষ্ঠানিকীকরণের জন্য উবর ভিত্তি তৈরি করে। অধিকিন্তু, বাংলাদেশের মতো জনবহুল ও দুটু বর্ধনশীল এবং একই সাথে জলবায়ু-ঝুঁকিপূর্ণ দেশের জন্য অংশগ্রহণমূলক পরিকল্পনা কেবল একটি নীতিগত বিকল্প নয়, বরং এটি একটি আবশ্যিকতা। এটি নগর পরিকল্পনাকে আরও গণতান্ত্রিক, স্বচ্ছ এবং মানুষের জন্য অর্থবহ করে তোলে।

জন ফ্রিডম্যান (১৯৮৭) যথার্থই বলেছেন, “পরিকল্পনা হলো মানুষকে তাদের ভবিষ্যৎ নিয়ন্ত্রণের ক্ষমতা দেওয়া।” বাংলাদেশের নগর ভবিষ্যৎ এককভাবে নয়, বরং কমিউনিটির যৌথ অংশগ্রহণে গঠিত হবে, একটি সত্যিকারের টেকসই নগর ও কমিউনিটির গড়ার পথে।

#### সূত্রসমূহ (সংক্ষিপ্ত তালিকা)

- Ayers, J., & Forsyth, T. (2009). *Community-based adaptation to climate change: Strengthening resilience through development*. Environment, 51(4), 22–31.
- Chambers, R. (1994). *Participatory Rural Appraisal (PRA): Challenges, potentials and paradigm*. World Development, 22(10), 1437–1454.
- Cooke, B., & Kothari, U. (Eds.). (2001). *Participation: The new tyranny?* Zed Books.
- Davidoff, P. (1965). *Advocacy and pluralism in planning*. Journal of the American Institute of Planners, 31(4), 331–338.

- Friedmann, J. (1987). *Planning in the public domain: From knowledge to action*. Princeton University Press.
- Harvey, D. (2008). *The right to the city*. New Left Review, 53, 23–40.
- Healey, P. (1997). *Collaborative planning: Shaping places in fragmented societies*. Macmillan.
- Jacobs, J. (1961). *The death and life of great American cities*. Random House.
- King, A. D. (1976). *Colonial urban development: Culture, social power, and environment*. Routledge.
- Lefebvre, H. (1968). *Le droit à la ville (The Right to the City)*. Anthropos.
- Mumford, L. (1961). *The city in history: Its origins, its transformations, and its prospects*. Harcourt Brace Jovanovich.
- Roy, A. (2005). *Urban informality: Toward an epistemology of planning*. Journal of the American Planning Association, 71(2), 147–158.
- Scott, J. C. (1998). *Seeing like a state: How certain schemes to improve the human condition have failed*. Yale University Press.
- United Nations (2015). *Transforming our world: The 2030 Agenda for Sustainable Development*. United Nations General Assembly (A/RES/70/1).
- UN-Habitat (1996). *The Habitat Agenda: Istanbul Declaration on Human Settlements*. United Nations Conference on Human Settlements (Habitat II).
- UN-Habitat (2016). *The New Urban Agenda*. United Nations Conference on Housing and Sustainable Urban Development (Habitat III).
- UNDP (2012). *Urban Partnerships for Poverty Reduction (UPPR) Project: Lessons learned and achievements*. United Nations Development Programme Bangladesh.
- ADB (2016). *Urban Governance and Infrastructure Improvement (Sector) Project (UGIIP-II): Completion report*. Asian Development Bank.
- Bangladesh Bureau of Statistics (BBS). (2022). *Census of Slum Areas and Floating Population 2022*.
- World Bank (2023). *Bangladesh: Urbanization Review—Leveraging urbanization for growth and development*.
- Nilufar, F. (2010). *Urban morphology of Dhaka city: Spatial dynamics of growing city and the urban core*. In M. Rahman (Ed.), *Urbanization in Bangladesh*. University of Dhaka.

## "বাংলাদেশের নগর, গ্রাম ও জনবসতির পরিকল্পিত এবং টেকসই উন্নয়নে স্থানিক পরিকল্পনা"

পরিকল্পনাবিদ অধ্যাপক ড. আদিল মুহাম্মদ খান

প্রেসিডেন্ট, বাংলাদেশ ইন্সটিউট অব প্ল্যানার্স (বিআইপি)

অধ্যাপক, নগর ও অঞ্চল পরিকল্পনা বিভাগ, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়।

বৈষম্যহীন ও টেকসই বাংলাদেশ গড়তে সারা বাংলাদেশের নগর, গ্রাম এবং হাওর-বাওড়-চর-পাহাড় এলাকার মত বিশেষায়িত এলাকাসমূহের জন্য প্রয়োজন সমগ্র দেশের জন্যই পরিকল্পনা। আমাদের উন্নয়নের বিকেন্দ্রীকরণ করতে হলে ঢাকাকেন্দ্রিক বিনিয়োগের লাগাম টেনে ধরে ঢাকার বাইরে বিভিন্ন পিছিয়ে পড়া অঞ্চলে বিনিয়োগ করার জন্য রাষ্ট্রের উন্নয়ন নীতি ও দর্শনের কার্যকর বাস্তবায়ন প্রয়োজন। এর জন্য সারা বাংলাদেশের জন্য স্থানিক পরিকল্পনা প্রণয়ন করে সেটা বাস্তবায়নের জন্য সুনির্দিষ্ট নীতি ও কর্মকোশল ঠিক করা দরকার।

নগরায়ণের ক্রমবর্ধমান হার ও অপরিকল্পিত নগরায়নের কারণে বাংলাদেশের নগর এলাকাগুলোতে বাসযোগ্যতার চ্যালেঞ্জ উত্তরোত্তর বেড়েই চলেছে, তদুপরি দেশের অর্থনীতিতে নগর এলাকার অবদান অত্যন্ত তাৎপর্যপূর্ণ। বাংলাদেশে এখন প্রায় ৫৩০টির মতো নগরকেন্দ্র আছে, যার মধ্যে আছে সিটি করপোরেশন, পৌরসভা, উপজেলা শহর প্রভৃতি। এসব নগর এলাকায় অনেক ক্ষেত্রে অপরিকল্পিত আবাসন ও নগরায়ণের কারণে পরিবেশগত বিপর্যয় দেখা দিচ্ছে, যা মোকাবিলা করার জন্য পর্যাপ্ত প্রস্তুতি নেওয়া প্রয়োজন। ঢাকা-চট্টগ্রাম'সহ যে সকল বড় শহরের মহাপরিকল্পনা ও বিশদ অঞ্চল পরিকল্পনা আছে, সেগুলোর বাস্তবায়নের হার অত্যন্ত কম। অনেক নগর এলাকার মহাপরিকল্পনা না থাকা এবং নগর, ইমারত ও পরিবেশ সংশ্লিষ্ট আইন ও পরিকল্পনা না মানবার কারণে মাটি, বায়ু, পানি ও শব্দ দৃষ্টিগৰ্তে পরিবেশগত বিপর্যয় ও শহরের বাসযোগ্যতা মারাত্মক হমকির মুখে। এই পরিপ্রেক্ষিতে নগর এলাকায় সবার জন্য যথাযথ ও মানসম্মত আবাসন, সেবা ও নাগরিক সুবিধাদির সংস্থান করাটা নগর সংস্থাগুলোর জন্য চ্যালেঞ্জিং হয়ে দাঁড়িয়েছে। এতে নগর এলাকার প্রাণিক, নিয়ন্ত্রিত ও নিয়মধ্যবিত্ত মানুষের অনেকেই মানসম্মত আবাসন ও নাগরিক সুবিধাদি থেকে বঞ্চিত হচ্ছে। পাশাপাশি নগর এলাকায় উন্নত ও অনুমত এলাকাগুলোর মধ্যে সেবা ও নাগরিক সুবিধাদির ক্ষেত্রে উন্নয়নবৈষম্য বাড়ছে। অন্তর্ভুক্তিমূলক নগর উন্নয়ন নিশ্চিত করতে সকলের জন্য মানসম্মত আবাসন ও নাগরিক সুবিধাদি করতে নগর এলাকাসমূহের যথাযথ মহাপরিকল্পনা, জনঘনত্ব পরিকল্পনা ও অন্যান্য পরিকল্পনা প্রণয়ন প্রয়োজন। মহাপরিকল্পনাসহ বিভিন্ন পরিকল্পনার মাধ্যমে নগর এলাকার মধ্যে টেকসই নগরায়ন ও সুষম উন্নয়ন নিশ্চিত করতে হবে। আগামী দিনের জন্য বাংলাদেশে সুষম উন্নয়ন ও টেকসই নগরায়ন নিশ্চিত করতে মানুষের জন্য পরিকল্পিত উপায়ে আবাসনসহ নাগরিক সুবিধা ও পরিষেবাগুলো পৌছে দিতে যথাযথ পরিকল্পনা প্রণয়ন এবং তার কার্যকর বাস্তবায়ন প্রয়োজন।

### বাংলাদেশে টেকসই নগরায়ণের চ্যালেঞ্জ ও নগর অর্থনীতি:

বিশ্বের জনসংখ্যার অর্ধেকের বেশি এখন নগর এলাকায় বাস করে। ২০৫০ সালের মধ্যে প্রায় দুই-তৃতীয়াংশ মানুষ বসবাস করবে শহর এলাকায়। বন্যা, নদীভাঙ্গ, ঘূর্ণিঝড়ের মতো দুর্ঘাগ্রে কারণে শহরের অভিগমন ক্রমে বাড়ছে। এতে শহর এলাকায় চাপ বাড়ছে।

বাংলাদেশের মতো উন্নয়নশীল দেশে নগর এলাকায় উল্লেখযোগ্যসংখ্যক স্লাম আয়ের মানুষ বাস করছে অনানুষ্ঠানিক বস্তিতে। ঢাকা-চট্টগ্রামের মতো বড় শহরে নগরায়ণ যেমন বাড়ছে, কুমিল্লা-ময়মনসিংহের মতো মাঝারি শহরেও বাড়ছে নগরায়ণের চাপ। বাংলাদেশে অপরিকল্পিত, অনিয়ন্ত্রিত ও অপরিগামদর্শী নগর উন্নয়ন ও ভৌত পরিবর্তনের ফলে মারাত্মকভাবে পরিবেশ বিপর্যয় ঘটছে। কমিউনিটি ও বসত এলাকায় নাগরিক সুবিধা ও পরিষেবা অপ্রতুল। নগর এলাকার নিয়ন্ত্রিত ও নিয়মধ্যবিত্ত মানুষের জীবনমান মারাত্মকভাবে বিপর্যস্ত। এই প্রেক্ষাপটে এসডিজির অভীষ্ট-১১ আমাদের মতো দেশের জন্য অত্যন্ত তাৎপর্যপূর্ণ—যার মূল লক্ষ্য অন্তর্ভুক্তিমূলক, নিরাপদ, অভিঘাত সহনশীল এবং টেকসই নগর ও জনবসতি গড়ে তোলা।

নগরায়ণের ক্রমবর্ধমান হারের কারণে বাংলাদেশের নগর এলাকাগুলোতে আবাসনসহ বিভিন্ন চ্যালেঞ্জ উত্তরোত্তর বেড়েই চলেছে, তদুপরি দেশের অর্থনীতিতে নগর এলাকার অবদান অত্যন্ত তাৎপর্যপূর্ণ। বিশ্বের অনেক উন্নত দেশের তুলনায় বাংলাদেশের নগরায়ণ

তুলনামূলকভাবে কম হলেও আমাদের দেশের নগরায়ণের হার বিশ্বের অন্যান্য দেশের তুলনায় অনেক বেশি এবং সাম্প্রতিক সময়ে নগরায়ণের হার বাড়ছে উল্লেখযোগ্যভাবে। স্বাধীনতার আগে ১৯৬১ সালে নগর জনসংখ্যা যেখানে ছিল ২৬ লাখ ও নগরায়ণের হার ছিল প্রায় ৫ ভাগ। ১৯৭৪ সালে নগরে বাস করা মানুষের হার ছিল মোট জনসংখ্যার মাত্র ৯ শতাংশ। ২০২২ সালের জনশুমারি অনুযায়ী নগর এলাকার জনসংখ্যা ৫.৩৭ কোটি, যা মোট জনসংখ্যার প্রায় ৩২ ভাগ। ২০৫০ সালে দেশের মোট জনসংখ্যার ৫৮ দশমিক ৪ শতাংশ মানুষ নগরবাসী হবে। নগরায়ণের সবচেয়ে বড় চাপ ঢাকার ওপরে। ঢাকা এখন জনসংখ্যার বিচারে বিশ্বের নবম বৃহত্তম নগর। জাতিসংঘের জনসংখ্যা বিভাগের সর্বশেষ তথ্য অনুযায়ী, ২০৩০ সালের মধ্যে ঢাকার অবস্থান হবে তৃতীয়। এ সময়ের মধ্যে ঢাকা ব্রাজিলের সাও পাওলো ও ভারতের মুম্বাইকে ছাড়িয়ে যাবে।

বিশ্বব্যাংকের ‘বিশ্ব উন্নয়ন সূচক’-সংক্রান্ত প্রতিবেদন অনুযায়ী, দেশে দুটি নগরায়ণ হলেও বিপুল মানুষকে ধারণ করার জন্য নগরগুলো মোটেই প্রস্তুত নয়। আবাসন, শিক্ষা, স্বাস্থ্য, যোগাযোগসহ নানা পরিষেবায় নগরগুলো বেশ পিছিয়ে। এ অবস্থায় ভবিষ্যতের চ্যালেঞ্জ মোকাবিলায় আমাদের নগরগুলোর প্রস্তুতি দরকার। জনসংখ্যা বৃদ্ধির হার কমলেও আয়তনে ছোট বাংলাদেশের জন্য বর্তমান জনসংখ্যা ও ঘনবসতি বড় সমস্যা। দেশের জনসংখ্যার ঘনত্ব এখন প্রতি বর্গকিলোমিটারে ১ হাজার ১১৯ জন, ২০৫০ সালে যা হবে ১ হাজার ৫৬৬ জন। ঢাকা বিভাগে প্রতি বর্গকিলোমিটারে ২ হাজার ১৫৬ মানুষ বসবাস করে, যা জনঘনত্বের বিচারে প্রথম। এরপর আছে ময়মনসিংহ বিভাগ যেখানে বাস করে ১ হাজার ১৪৬ জন। বাংলাদেশে এখন প্রায় ৫৩০টির মতো নগরকেন্দ্র আছে, যার মধ্যে আছে সিটি করপোরেশন, পৌরসভা, উপজেলা শহর প্রভৃতি। এসব নগর এলাকায় অনেক ক্ষেত্রে অপরিকল্পিত আবাসন ও নগরায়ণের কারণে পরিবেশগত বিপর্যয় দেখা দিচ্ছে, যা মোকাবিলা করার জন্য পর্যাপ্ত প্রস্তুতি নেওয়া প্রয়োজন।

আমাদের ঢাকার বাইরে জেলা ও উপজেলা শহর এবং বাজারকেন্দ্রিক মফস্বল শহরগুলোর নগর অর্থনীতি বেগবান করার সুযোগ রয়েছে, যার মাধ্যমে দেশের অর্থনৈতিক প্রবৃদ্ধির লক্ষ্যমাত্রা অর্জিত হতে পারে। তবে এই লক্ষ্যে পৌঁছাতে হলে নগরে বিভিন্ন শ্রেণিপেশার মানুষের বসবাসের সুযোগ তৈরি, অর্থায়ন ও বিনিয়োগ, নগর দারিদ্র্য হাস এবং মানুষের কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি— এসব বিষয়ে গুরুত্ব দেওয়া হলে নগর অর্থনীতি গতিপ্রাপ্ত হবে।

### বাংলাদেশের নগরায়ন ও উন্নয়নবৈষম্য

আমাদের অর্থনৈতিক, সামাজিক ও ভৌত উন্নয়নের সুফল সব নাগরিকের কাছে পৌঁছে দেওয়া রাষ্ট্রীয় অঙ্গীকার। তবু জলবায়ু পরিবর্তনজনিত বিভিন্ন দুর্ঘাগ্রে পাশাপাশি গ্রামীণ এলাকার বিভিন্ন আর্থ-সামাজিক সংকটের কারণে নগর এলাকায় জনসংখ্যার চাপ ক্রমে বাড়ছে।

এই পরিপ্রেক্ষিতে নগর এলাকায় সবার জন্য যথাযথ ও মানসম্মত আবাসন, সেবা ও নাগরিক সুবিধাদির সংস্থান করাটা নগর সংস্থাগুলোর জন্য চ্যালেঞ্জ হয়ে দাঁড়িয়েছে। এতে নগর এলাকার প্রাস্তিক, নিয়ন্ত্রিত ও নিয়মধ্যবিত্ত মানুষের অনেকেই মানসম্মত আবাসন ও নাগরিক সুবিধাদি থেকে বাধিত হচ্ছে। পাশাপাশি নগর এলাকায় উন্নত ও অনুন্নত এলাকাগুলোর মধ্যে সেবা ও নাগরিক সুবিধাদির ক্ষেত্রে উন্নয়নবৈষম্য বাড়ছে।

### অন্তর্ভুক্তিমূলক নগর উন্নয়ন নিশ্চিত করতে সকলের জন্য মানসম্মত আবাসন ও নাগরিক সুবিধাদি

উন্নয়নের ক্ষেত্রে নাগরিকদের মধ্যে এবং এলাকাভিত্তিক ও অঞ্চলভিত্তিক বৈষম্য দূর করা আমাদের সাংবিধানিক দায়বদ্ধতা। নগর এলাকার বস্তিবাসীদের জন্য মানসম্মত আবাসনের তীব্র সংকট রয়েছে। সরকারের জাতীয় গৃহায়ণ নীতিমালার সামাজিক আবাসন কার্যক্রমের অংশ হিসেবে জাতীয় গৃহায়ণ কর্তৃপক্ষের উদ্যোগে বস্তিবাসীদের জন্য আধুনিক কিছু ফ্ল্যাট নির্মাণ করে বরাদ্দ দেওয়া হয়েছে, যা নগর এলাকার নিয়ন্ত্রিত আয়ের মানুষের আবাসিক চাহিদার তুলনায় অত্যন্ত অপ্রতুল।

আমাদের নগরের বস্তি এলাকাসহ নিয়ন্ত্রিত এলাকাগুলোতে সরকারি সংস্থাগুলোর প্রাতিষ্ঠানিক উদ্যোগে সুপেয় পানির ব্যবস্থাসহ বিভিন্ন ধরনের নাগরিক সেবা ও সুবিধাদি সংস্থানের সুলভ ও সশ্রদ্ধী ব্যবস্থা নেওয়া হয়েছে, যা স্বল্প আয়ের মানুষদের জীবনমান উন্নয়নে কিছুটা ভূমিকা রাখছে। তবু নগর এলাকায় বিপুলসংখ্যক বস্তিবাসীর জীবনমান এখনো অনেক ধরনের চ্যালেঞ্জের সম্মুখীন। মানসম্মত শিক্ষা, স্বাস্থ্য, স্যানিটেশন, বিনোদন সুবিধাদি নিশ্চিত করতে সরকারের সরাসরি ভূমিকা ও অংশগ্রহণ যেমন বাড়াতে হবে, তেমনি বেসরকারি সংস্থাগুলোর উদ্যোগগুলোকেও সুসমর্থিত, কার্যকর ও টেকসই করতে হবে।

## নগরের সবুজ ও জলাশয় এলাকার ভারসাম্য এবং জলাবদ্ধতা সমস্যা

নগর এলাকার সবুজ এলাকা, খোলা জায়গা কিংবা পার্ক-উদ্যানগুলো বৃষ্টির পানিকে মাটিতে পুনর্ভরণের মাধ্যমে ড্রেনেজ ব্যবস্থাপনায় অতিগুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। একটি শহর এলাকায় ২০-২৫ শতাংশ সবুজ এলাকা এবং ১০-১৫ শতাংশ জলাশয় থাকা উচিত, যা শহরের প্রাকৃতিক ভারসাম্যের সঙ্গে সঙ্গে পানি নিষ্কাশন এবং ভূগর্ভস্থ পানির পুনর্ভরণে সহায়তা করে। নগর এলাকায় ধূসর বা কংক্রিট আচ্ছাদিত এলাকা ৩৫-৫০ শতাংশ হলে যেখানে ভূপৃষ্ঠে পানিপ্রবাহ (সারফেস রান অফ) বৃষ্টিপাতের ৩০-৩৫ শতাংশ হয়, সেখানে কংক্রিট আচ্ছাদিত এলাকা ৭৫ শতাংশ হলে ভূপৃষ্ঠে পানিপ্রবাহ ৬০ শতাংশের বেশি হয়ে পড়ে। বাংলাদেশ ইনসিটিউট অব প্ল্যানার্সের (বিআইপি) ২০১৯ সালের এক গবেষণায় দেখা গেছে ঢাকার মূল শহর এলাকায় কংক্রিট আচ্ছাদিত এলাকা ৮০ শতাংশের ওপরে, যেখানে জলাশয় ৫ শতাংশ ও সবুজ আচ্ছাদিত এলাকা ১০ শতাংশের মতো। ফলে ঢাকা শহরে কংক্রিট আচ্ছাদিত এলাকা বেশি হওয়ার কারণে বৃষ্টির পানি প্রাকৃতিকভাবে মাটিতে পুনর্ভরণের সুযোগ তুলনামূলকভাবে অনেক কম হওয়ায় কৃত্রিম ও প্রাকৃতিক পানি নিষ্কাশন ব্যবস্থার ধারণক্ষমতার তুলনায় বর্ষা মৌসুমে বৃষ্টির পানির পরিমাণ বেশি হয়ে যাওয়ার ফলে ঢাকা শহরে অল্প বৃষ্টিতেও অনেক এলাকায় জলাবদ্ধতা দেখা দিচ্ছে। দেশের অন্যান্য নগর এলাকার চিত্র ও অনেকটা এরকমই।

যেকোনো নগরের বৃষ্টির পানির নিষ্কাশন ব্যবস্থাপনা প্রাকৃতিক ও কৃত্রিম ব্যবস্থাপনার সমন্বয়ের মাধ্যমেই পরিচালিত হয়। বিগত দিনগুলোয় আমরা শহরের মধ্যে প্রাকৃতিকভাবে বয়ে চলা অগণিত খালের প্রবাহ বন্ধ করে দিয়ে বক্স কালভার্ট নির্মাণের মাধ্যমে কিংবা পাম্প স্টেশনভিত্তিক ড্রেনেজ ব্যবস্থাপনা করার যে উদ্যোগ নিয়েছি, তা আমাদের জলাবদ্ধতা সমস্যাকে ক্রমাগতভাবে প্রকট করে তুলেছে। পাশাপাশি নগর সংস্থাগুলো বক্স কালভার্ট কিংবা নগরের নালা-নর্দমা নিয়মিত পরিক্ষার ও রক্ষণাবেক্ষণের দায়িত্ব পালন করতে সক্ষম হয়নি। আমাদের জলধারণ করত যে সকল পুকুর, সেগুলো নির্বিচারে ভরাট করেছি আমরা, কুমিল্লা শহর ও এর ব্যতিক্রম নয়। ফলে আমাদের বিদ্যমান খাল ও ড্রেনেজ নেটওয়ার্কের কার্যকারিতা কমেছে এবং অল্প বৃষ্টিতেই আমরা নগরের বিভিন্ন এলাকায় জলাবদ্ধতা হতে দেখেছি নিয়মিত। হাইকোর্ট দেশের সব নদ নদীকে জীবন্ত সত্তা হিসেবে ঘোষণা করেছেন এবং খাল ও প্রাকৃতিক জলাশয়গুলোর নদীর নেটওয়ার্কের অবিচ্ছেদ্য অংশ আমাদের বিদ্যমান পরিবেশ সংরক্ষণ আইন, ১৯৯৫ এবং জলাশয় সংরক্ষণ আইন, ২০০০ অনুযায়ী খাল বা জলাশয় দখল শাস্তিযোগ্য অপরাধ। একই সঙ্গে মহানগর, বিভাগীয় শহর ও জেলা শহরের পৌর এলাকাসহ দেশের সব পৌর এলাকায় অবস্থিত ব্যক্তিমালিকানাধীন হিসেবে রেকর্ড করা পুকুরগুলোকে প্রাকৃতিক জলাধারের সংজ্ঞাভুক্ত করার নির্দেশ দিয়েছেন হাইকোর্ট। বিশের অধিকাংশ দেশেই জলাশয় দখলের জন্য কারাদণ্ডের বিধানসহ দৃষ্টান্তমূলক শাস্তির প্রবিধান আছে। ভারতেও জলাশয় দখলকে ‘ফৌজদারি অপরাধ’ হিসেবে চিহ্নিত করে যথাযথ শাস্তির বিধান রেখে সম্প্রতি আইন প্রণীত হয়েছে। আমাদের দেশেও এ ধরনের কঠোর শাস্তি প্রয়োগ ব্যতিরেকে জলাশয় দখল-দূষণ রোধ করা সম্ভব হবে না।

আমরা অনেক সময়ই দেখি সরকারি-বেসরকারি অনেক পরিকল্পনা ও প্রকল্প প্রণয়নের সময় প্রাকৃতিক খাল ও জলাধার ভরাট করে পরবর্তী সময়ে অনেক ব্যয়বহুল কৃত্রিম ড্রেনেজ ব্যবস্থা তৈরি করা হচ্ছে। প্রকৃত অর্থে প্রাকৃতিক খাল-জলাশয়কে জীবন্ত সত্তা বিবেচনা করলে তাকে ধ্বংস করে কৃত্রিম ব্যবস্থাপনা কখনো টেকসই হবে না, স্থায়িভৰ্ণীল উন্নয়ন ভাবনার সঙ্গে এ ধরনের কর্মকাণ্ড সাংঘর্ষিক। আমাদের ভবিষ্যৎ নগর পরিকল্পনা প্রণয়নে পানি নিষ্কাশন ব্যবস্থায় প্রকৃতিভিত্তিক সমাধানই পারে টেকসই উন্নয়ন নিশ্চিত করতে।

## আন্তর্জাতিক লক্ষ্যমাত্রাসমূহে অন্তর্ভুক্তিমূলক নগর উন্নয়ন

একবিংশ শতকের নগরায়ণের বৈশিক যাত্রায় নগর এলাকায় বিভিন্ন শ্রেণি-গোষ্ঠীর মানুষের আবাসন, মৌলিক পরিষেবা এবং জীবনমানের যে উল্লেখযোগ্য বৈষম্য, এটি উপলব্ধি করেই ২০০০ সালে জাতিসংঘ কর্তৃক আমাদের বৈশিক অঙ্গীকার সহস্রাব্দ উন্নয়ন লক্ষ্যমাত্রা (মিলেনিয়াম ডেভেলপমেন্ট গোলস বা এমডিজি) প্রতিষ্ঠিত হয় এবং পরে ২০১৫ সালে টেকসই উন্নয়ন অভীষ্ঠ (সাসটেইনেবল ডেভেলপমেন্ট গোলস বা এসডিজি) তৈরি করা হয়েছে। ২০০০ সালের সহস্রাব্দ উন্নয়ন লক্ষ্যমাত্রার লক্ষ্য-৭-এ টেকসই নিরাপদ পরিবেশ নিশ্চিত করতে গিয়ে ২০১৫ সালের মধ্যে নিরাপদ পানি ও স্যানিটেশন নিশ্চিত করার পাশাপাশি ২০২০ সালের মধ্যে বস্তিবাসীদের জীবনমানের তাৎপর্যপূর্ণ উন্নতির লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে, যার মধ্যে মানসম্মত আবাসন লক্ষ্যটিও অন্তর্ভুক্ত ছিল। ২০১৫ সালে গৃহীত টেকসই উন্নয়ন অভীষ্ঠে নিরাপদ পানি ও স্যানিটেশন (অভীষ্ঠ-৬), টেকসই নগর ও জনবসতি (অভীষ্ঠ-১১ বা নগর লক্ষ্যমাত্রা) নির্ধারণ করার পাশাপাশি অভীষ্ঠ-১০-এ আমাদের উন্নয়নবৈষম্য কমানোর অঙ্গীকার করা হয়েছে। ২০১৬ সালে জাতিসংঘ আয়োজিত ‘ইউনাইটেড নেশন্স কনফারেন্স অন হাউজিং অ্যান্ড সাসটেইনেবল আরবান

ডেভেলপমেন্ট'-এ 'নিউ আরবান এজেন্ট' প্রণয়নের মাধ্যমে টেকসই ও অন্তর্ভুক্তিমূলক নগর গড়ার জন্য সুনির্দিষ্ট কর্মকোশল ও কর্মপর্ষা নির্ধারণ করা হয়। এই প্রেক্ষাপটে করোনা-উভর পৃথিবীর নতুন বাস্তবতায় নগর উন্নয়ন পরিকল্পনায় অন্তর্ভুক্তিমূলক পরিকল্পনা প্রণয়নের মাধ্যমে নগরের বিভিন্ন শ্রেণি-পেশার মানুষের মধ্যে নাগরিক সুবিধাদি ও মৌলিক পরিষেবার পরিমাণগত ও গুণগত মানের বৈষম্য দূর করাটাই নীতিনির্ধারক এবং পরিকল্পনা বাস্তবায়নকারী সংস্থা ও কর্তৃপক্ষের সর্বাঙ্গে প্রাধান্য দেওয়া উচিত।

#### অন্তর্ভুক্তিমূলক নগর ও জনবসতির উন্নয়নে গণপরিবহনব্যবস্থা, পরিবেশ ও বিভিন্ন পরিসেবার মানোন্নয়ন

এসডিজির নগর লক্ষ্যমাত্রায় বলা হয়েছে, আমাদের শহর ও জনবসতিগুলোকে অন্তর্ভুক্তিমূলক, নিরাপদ, অভিযাত সহনশীল ও টেকসই হতে হবে। টেকসই নগর গড়তে ২০৩০ সালের মধ্যে রাষ্ট্রগুলোকে সবার জন্য পর্যাপ্তসংখ্যক নিরাপদ ও সাশ্রয়ী আবাসন এবং মৌলিক পরিষেবা নিশ্চিত করার পাশাপাশি বস্তিগুলোর তাৎপর্যপূর্ণ মানোন্নয়ন ঘটাতে হবে। একই সঙ্গে বর্জ্য ব্যবস্থাপনা ও বায়ুমানের উন্নতি ঘটানোর মাধ্যমে নগরায়নের বিরূপ প্রভাব কমানোর কথাও বলা হয়েছে। পাশাপাশি নিরাপদ ও সাশ্রয়ী পরিবহনব্যবস্থা, সবুজ এলাকা ও গণপরিসেবার সবার প্রবেশাধিকার নিশ্চিত করার মাধ্যমে বিদ্যমান বৈষম্য দূর করে নগরে সর্বজনীন সাময় প্রতিষ্ঠার অঙ্গীকারের কথা ব্যক্ত হয়েছে এসডিজিতে। এই লক্ষ্যমাত্রাগুলো অর্জনের জন্য অংশগ্রহণমূলক, সমর্থিত ও টেকসই নগর পরিকল্পনা ও উন্নয়ন ব্যবস্থাপনা মূল প্রভাবকের কাজ করবে। একই সঙ্গে নগরের পিছিয়ে পড়া জনগণের জীবনমানের মানবিক মান নিশ্চিত করতে বিভিন্ন নাগরিক সুবিধা ও পরিষেবার পরিমাণগত ও গুণগত মানের ভিত্তিতে পরিকল্পনাগত সূচক-মান নির্ধারণ করা প্রয়োজন। নগর উন্নয়ন পরিকল্পনায় পিছিয়ে পড়া জনগোষ্ঠী ও কমিউনিটির অংশগ্রহণ নিশ্চিত করে তাদের প্রয়োজন ও চাহিদাকে প্রাধান্য দিয়ে আবাসন, নাগরিক সেবা ও অবকাঠামো পরিকল্পনা করা উচিত। সম্প্রতি অনুমোদিত ঢাকা শহরের জন্য প্রতীত বিশদ অঞ্চল পরিকল্পনায় ইলেক্ট্রনিক ও প্লটভিত্তিক ভবন নির্মাণে নিম্ন আয়ের মানুষের জন্য আবাসিক ইউনিট তৈরিকে উৎসাহিত করতে ফ্লোর এরিয়া রেশিও (এফএআর) প্রগোদনা প্রদান করা হয়েছে, যার মাধ্যমে নগর এলাকায় বেসরকারি উদ্যোগে স্বল্প আয়ের মানুষদের জন্য মানসম্মত আবাসনের সুযোগ বৃদ্ধি পাবে। একই সঙ্গে অন্তর্ভুক্তিমূলক নগর গড়তে সরকারের পাশাপাশি বেসরকারি প্রতিষ্ঠান ও সংস্থাগুলোর জন্য প্রয়োজনীয় নীতি-কোশল নির্ধারণের মাধ্যমে যথাযথভাবে সম্পৃক্ত করা প্রয়োজন।

#### খেলার মাঠ, পার্ক ও বিনোদন সুবিধাদি নিশ্চিত করতে অন্তর্ভুক্তিমূলক নগর পরিকল্পনা প্রয়োজন

আমাদের নগর এলাকায় শিশু-কিশোরদের শারীরিক ও মানসিক বিকাশে খেলার মাঠ, পার্ক ও বিনোদন সুবিধাদির বিশাল ঘাটতি রয়েছে। রাজধানী ঢাকাসহ নগর এলাকাগুলোতে হাতে গোনা যে কয়টি মাঠ রয়েছে, তার বেশির ভাগই উন্নত এলাকায়। আর যেসব এলাকায় মাঠ রয়েছে, সেগুলোও শক্তিশালী রাজনৈতিক শক্তি, জনপ্রতিনিধি, শিল্প ও বাণিজ্যিক প্রতিষ্ঠান দ্বারা নিয়ন্ত্রিত। নিরাপত্তার অভাব, পর্যাপ্ত সুবিধা ও পরিষেবার অভাবে নারী ও শিশুদের বেশির ভাগই প্রবেশ করতে পারে না। সম্প্রতি ইনসিটিউট ফর প্ল্যানিং অ্যান্ড ডেভেলপমেন্ট (আইপিডি) পরিচালিত সমীক্ষায় দেখা গেছে, ঢাকার দুটি সিটি কর্পোরেশনে মোট ৩২৯টি। এর মধ্যে ৪১টি ওয়ার্ডে কোনো খেলার মাঠ নেই। আইপিডির সমীক্ষায় বলা হয়েছে, নগর পরিকল্পনার মানদণ্ড অনুযায়ী ঢাকা মহানগরে ৭৯৫টি, চট্টগ্রামে ৫৪১টি, রাজশাহীতে ৩৭টি, খুলনায় ৬৫টি, সিলেটে ৪০টি এবং বরিশাল নগরে ৪৫টি খেলার মাঠের ঘাটতি আছে। অনুরূপভাবে কুমিল্লা শহরে প্রয়োজনের তুলনায় খেলার মাঠের সংখ্যা অপ্রতুল। এতে এসব নগর এলাকার শিশু-কিশোরদের খেলাধূলার সুযোগ থেকে বঞ্চিত হয়ে স্বাভাবিক বিকাশ থেকে বঞ্চিত হচ্ছে। ফলে নগর এলাকার শিশু-কিশোরদের পরিপূর্ণ বিকাশ নিশ্চিত করতে খেলার মাঠ, পার্ক, বিনোদন সুবিধাদি তৈরির জন্য কার্যকর পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন করতে রাষ্ট্রের পর্যাপ্ত বিনিয়োগ প্রয়োজন।

পরিকল্পনার মানদণ্ড অনুযায়ী ঘনবসতিপূর্ণ নগর এলাকায় প্রতি তিনি থেকে ৫ হাজার মানুষের জন্য একটি করে শিশুদের (৩-৬ বছর) খেলার মাঠ (প্লে ল্যাট), কিশোরদের জন্য (৭-১৫ বছর) প্লে-গ্রাউন্ড ও বড়দের জন্য (১৫ উর্ধ্ব বয়সী) প্লে-ফিল্ডের সুবিধা থাকতে হয়। পরিকল্পনার সূচক সম্পর্কিত আন্তর্জাতিকভাবে স্বীকৃত টাইম সেন্ডার স্ট্যান্ডার্ড অনুযায়ী, প্রতি এক হাজার মানুষের জন্য ০.৫১ একর আয়তনের প্লে ল্যাট, ১.৫ - ৩ একরের প্লে-গ্রাউন্ড, ১.৫ - ১৫ একর আয়তনের প্লে-ফিল্ড থাকা প্রয়োজন। শিশু-কিশোরদের জন্য তিনি ধরনের খেলার মাঠের পরিকল্পনা করার জন্য তেমন কোনো উদ্যোগ এখন পর্যন্ত দেখা যায়নি। শিশু-কিশোরদের শারীরিক ও মানসিক বিকাশের জন্য প্রতিদিন ন্যূনতম ১ ঘণ্টা করে খেলাধূলা ও শারীরিক সক্রিয় কর্মকাণ্ডে সম্পৃক্ত থাকা প্রয়োজন। এছাড়া বিশ্ব স্বাস্থ্য সংস্থার মতে, প্রত্যেক ব্যক্তির জন্য ন্যূনতম ৯ বর্গমিটার খেলাধূলা জায়গা (খেলার মাঠ, পার্ক ইত্যাদি) থাকা উচিত। মাঠের ঘাটতির ফলে এ সকল নগর এলাকার অধিকাংশ শিশু-কিশোরেরা খেলাধূলার সুযোগ থেকে বঞ্চিত হচ্ছে। খেলার মাঠের মতই নগর এলাকায় তিনি ধরনের পার্কের পরিকল্পনা করতে হয়। যেমন- নেইবারহুড পার্ক, কমিউনিটি লেভেল পার্ক, আরবান বা সিটি

পার্ক। ইআমাদের দেশের নগর পরিকল্পনায় এই ধরনের শ্রেণিভিত্তিক পার্ক পরিকল্পনা দেখা যায় না। ফলে আমাদের নগর এলাকায় বিভিন্ন শ্রেণির পার্ক ও গণপরিসরের তীব্র সংকট আছে। বিদ্যমান বেশ কিছু খেলার মাঠ বিভিন্ন ক্লাবের নামে দখল হয়ে আছে, যেখানে পাড়া-মহল্লার শিশু-কিশোরদের অবাধ প্রবেশাধিকার নেই, অনেক ক্ষেত্রেই খেলার কোনো সুযোগ নেই। অনেক খেলার মাঠ আবার বিভিন্ন মেলা কিংবা অনুষ্ঠানের জন্য ভাড়া দেওয়ার ফলে সেখানে খেলাধুলার আর সুযোগ থাকেনা।

আমাদের যে উন্নয়ন পরিকল্পনা দর্শন, সেখানে আদৌ গণপরিসরের বিষয় চিত্তা করা হয় না। আমাদের অগ্রাধিকারের তালিকাতেই গণপরিসরের বিষয় নেই। আমাদের মানসিক ও শারীরিক বৃদ্ধি নিশ্চিত করতে নগর এলাকায় পরিকল্পনামাফিক খেলার মাঠ, পার্ক, উদ্যান তৈরি করতে হবে।

### নগরের পরিষেবা ও অবকাঠামোতে অর্থায়নে নগর সংস্থাগুলোর সক্ষমতা বৃদ্ধি

একবিংশ শতাব্দীর চ্যালেঞ্জ মোকাবিলায় শহরগুলোকে আবাসন, অবকাঠামো, পরিষেবা, নাগরিক সুবিধাদি, বর্জ্য ব্যবস্থাপনা, জলবায়ু পরিবর্তনজনিত প্রভাব ও নগর দুর্যোগ মোকাবিলায় অধিকতর প্রস্তুতি নিতে হবে। এ জন্য নগর কর্তৃপক্ষগুলোকে এসব খাতের উন্নয়নে প্রয়োজনীয় অর্থায়নের উদ্যোগ নেওয়াটা জরুরি। এসব উন্নয়ন প্রকল্পে সরকারি খাতের পাশাপাশি বেসরকারি খাতের অংশগ্রহণ নগর সংস্থাগুলোর জন্য টেকসই নগর গড়তে সহায়তা করে। এ ক্ষেত্রে ইউএন-হ্যাবিটেট বলছে, তিনি ধরনের পদ্ধতি অনুসরণ করে নগর সংস্থাগুলোর জন্য শহর উন্নয়নের জন্য উপযুক্ত অর্থায়ন করা সম্ভব - ক্যাপিটাল ইনভেস্টমেন্ট পরিকল্পনা গ্রহণ, দেশি-বিদেশি উৎস থেকে ঋণ আহরণ এবং নগর সংস্থাগুলোর রাজস্ব আহরণের উৎসের বহুমুখীকরণ।

আমাদের দেশের নগর পরিকল্পনা ও উন্নয়ন সংশ্লিষ্ট সংস্থাগুলো যেমন উন্নয়ন কর্তৃপক্ষ, সিটি করপোরেশন ও পৌরসভাগুলোকে শহরের উন্নয়নকল্পে অর্থায়নের বিভিন্ন উৎসের সম্বান্ধ করার সঙ্গে সঙ্গে আয় ও রাজস্ব আহরণ বাড়ানোর ব্যাপারে সচেষ্ট হতে হবে। স্থানীয় নগর সংস্থা হিসেবে বাংলাদেশের সিটি করপোরেশনগুলোর এক্ষেত্রে সক্ষমতা কিছুটা বেশি থাকলেও পৌরসভাগুলোর সক্ষমতা খুবই কম। এক্ষেত্রে সিটি করপোরেশন ও পৌরসভাগুলোর সরকারি অর্থায়নের পাশাপাশি বিদেশি প্রকল্পনির্ভরতা বাড়ছে। স্থানীয় নগর সংস্থাগুলোর রাজস্ব আহরণের সক্ষমতা না বাড়াতে পারলে নগর এলাকায় সবার জন্য অবকাঠামো ও পরিষেবা সুবিধাদি নির্দিষ্ট মানে দেওয়া সম্ভবপর হবে না।

### মেগা প্রকল্পভিত্তিক উন্নয়নের পাশাপাশি নগর অর্থনীতির বিকেন্দ্রীকরণের মাধ্যমে বাংলাদেশের স্থিতিশীল অর্থনৈতিক প্রবৃদ্ধি

দেশের মোট অর্থনীতিতে নগর অর্থনীতির অবদান এখন প্রায় তিন-চতুর্থাংশ, নগরায়ণের হার আরও বাড়তে থাকলে আগামী দিনগুলোতে যা আরও বাড়তে পারে। আবার নগর অর্থনীতির ঢাকাকেন্দ্রিকতা বাড়ার কারণে দেশের অন্য নগর এলাকার অর্থনৈতিক সম্ভাবনার পরিপূর্ণ বিকাশ হচ্ছে না। ঢাকার অর্থনীতি বাংলাদেশের মোট দেশজ উৎপাদনের ৪০ শতাংশ অবদান রাখে।

বাংলাদেশ উন্নয়ন গবেষণা প্রতিষ্ঠানের (বিআইডিএস) উন্নয়নবিষয়ক ২০২১ সালের বার্ষিক সম্মেলনে বলা হয়—‘ঢাকার অতিরিক্ত বৃদ্ধি সার্বিকভাবে নগর উন্নয়নকে ক্ষতিগ্রস্ত করছে। প্রতি বছর এই ক্ষতির পরিমাণ দেশের মোট দেশজ উৎপাদনের (জিডিপি) ৬ থেকে ১০ শতাংশ। ঢাকা নগরের যে আয়তন ও জনসংখ্যা, তা আন্তর্জাতিক মানদণ্ডের চেয়ে অন্তত ৫০ শতাংশ বেশি। দেশের বেশির ভাগ অর্থনৈতিক কার্যক্রম ঢাকাকেন্দ্রিক হওয়ার কারণে সার্বিকভাবে দেশে নগর উন্নয়ন স্থবির হয়ে আছে। এই বিষয়টির সমাধান করার জন্য অন্যান্য শহর ও অঞ্চলের উন্নয়নের দিকে মনোযোগ দেওয়া উচিত।’ বাংলাদেশের নগর এলাকার জনঘনত্ব ও জনসংখ্যা বিশ্বের অধিকাংশ বাসযোগ্য শহরের তুলনায় অত্যন্ত বেশি। অধিক জনসংখ্যার কারণে শহর এলাকার ভার বহন ক্ষমতার অধিকসংখ্যক মানুষ বাংলাদেশের রাজধানীর ঢাকা, চট্টগ্রামসহ বিভিন্ন নগর এলাকায় বসবাস করছে। নগর এলাকায় গড়ে প্রতি একরে ১০০ জনের মতো মানুষ বসবাস করলে শহরে পরিষেবা প্রদান সহজতর হয়। অথচ ঢাকা শহরের অনেক এলাকাতেই প্রতি একরে গড়ে ৩০০-৪০০ জনের অধিক লোক বসবাস করে।

ঢাকা শহর এরই মধ্যে ভার বহন ক্ষমতার কয়েকগুণ বেশি মানুষকে ধারণ করায় শহরে যানজট, জলাবদ্ধতা, বায়ুদূষণ, জনস্বাস্থ বিপর্যয় প্রভৃতি সমস্যা বেড়াতে চলেছে। এই সমস্যা থেকে উত্তরণের জন্য বাংলাদেশের সরকারের অষ্টম পঞ্চবার্ষিক পরিকল্পনায় উন্নয়নের বিকেন্দ্রীকরণকে অগ্রাধিকার দেওয়া হয়েছে। ফলে ঢাকা শহরের অবকাঠামো ও উন্নয়ন প্রকল্পে বিনিয়োগের পাশাপাশি বর্তমান সরকার সারা দেশেই উন্নয়ন ছড়িয়ে দেওয়ার জন্য সড়ক ও বিভিন্ন অবকাঠামোগত প্রকল্প বাস্তবায়ন করছে। এতে সারা দেশের নগর অর্থনীতি বেগবান হওয়ার উপযুক্ত ক্ষেত্র প্রস্তুত হয়েছে। ঢাকা শহরে মেট্রোরেলের মতো প্রকল্প বাস্তবায়ন করা হচ্ছে, যা যানজট কমাতে ভূমিকা রাখার পাশাপাশি নগর অর্থনীতির বিকাশে ভূমিকা রাখবে। একই সঙ্গে আমাদের স্পষ্টভাবে বোরা প্রয়োজন, ঢাকাকেন্দ্রিক বড় বড় অবকাঠামো প্রকল্পগুলোর সম্ভাবনা ব্যয় রয়েছে। ফলে আমাদের উন্নয়নের বিকেন্দ্রীকরণ করতে

হলে ঢাকাকেন্দ্রিক বিনিয়োগের লাগাম টেনে ধরে ঢাকার বাইরে বিভিন্ন পিছিয়ে পড়া অঞ্চলে বিনিয়োগ করার জন্য রাষ্ট্রীয় উন্নয়ন নীতি ও দর্শনের কার্যকর বাস্তবায়ন প্রয়োজন। পদ্মা সেতুর মাধ্যমে দেশের দক্ষিণ পশ্চিমাঞ্চলের উন্নয়ন সম্ভাবনাকে কাজে লাগাতে এই অঞ্চলের পরিকল্পিত নগরায়ণের মাধ্যমে দেশের উন্নয়নের বিকেন্দ্রীকরণ ও অর্থনৈতিক প্রবৃক্ষ অর্জন সম্ভব। কিছুদিনের মধ্যেই যন্মুনা রেল সেতুর কাজ সমাপ্ত হয়ে যাবে, যা উত্তরাঞ্চলের বাণিজ্য ও অর্থনৈতিক উন্নয়নকে আরও বেগবান করবে।

**সুষম নগরায়ন ও টেকসই উন্নয়ন নিশ্চিত করতে প্রয়োজন সমগ্র বাংলাদেশের জন্য স্থানিক পরিকল্পনা:**

বৈষম্যহীন ও টেকসই বাংলাদেশ গড়তে সারা বাংলাদেশের নগর, গ্রাম এবং হাওর-বাওড়-চর এলাকার মত বিশেষায়িত এলাকাসমূহের জন্য সুনির্দিষ্ট পরিকল্পনা করতে হবে। এর জন্য সারা বাংলাদেশের জন্য স্থানিক পরিকল্পনা প্রণয়ন করে সেটা বাস্তবায়নের জন্য সুনির্দিষ্ট নীতি ও কর্মকৌশল ঠিক করা দরকার। মহাপরিকল্পনাসহ বিভিন্ন পরিকল্পনার মাধ্যমে নগর এলাকার মধ্যে টেকসই নগরায়ন ও সুষম উন্নয়ন নিশ্চিত করতে হবে।

কৃষি, অর্থনীতি ও পরিবেশের মধ্যে ভারসাম্য রক্ষায় স্থানিক পরিকল্পনার মাধ্যমে উপজেলা ও ইউনিয়ন পর্যায়ে পরিকল্পিত উন্নয়ন নিশ্চিত করতে হবে। আমাদের নগর এলাকার বাসযোগ্যতা ফেরাতে ও স্বল্প আয়ের মানুষদের জন্য পার্ক-খেলার মাঠ সহ নাগরিক পরিসেবা সুষমভাবে পৌছে দিতে প্রয়োজন ন্যায্যতাবিত্তিক নগর পরিকল্পনা। দেশের উন্নয়নের আঞ্চলিক বৈষম্য কমাতে স্থানিক পরিকল্পনার মাধ্যমে যথাযথ বাজেট বরাদের মাধ্যমে পিছিয়ে পড়া এলাকাসমূহে উপযুক্ত কর্মসংস্থান ও নাগরিক সুবিধাদি তৈরি করতে হবে। নতুন বাংলাদেশের ন্যায্যতাবিত্তিক উন্নয়ন নিশ্চিত করতে সমগ্র বাংলাদেশেরই পরিকল্পনার কোন বিকল্প নেই।

**স্থানিক পরিকল্পনা অধ্যাদেশ অনুমোদন: আগামীর বাংলাদেশে আমাদের প্রত্যাশা**

সমগ্র বাংলাদেশের টেকসই উন্নয়ন নিশ্চিত করতে গ্রাম-শহর, চর-হাওর-পাহাড়সহ সকল এলাকার স্থানিক পরিকল্পনা তৈরি করা দরকার। বাংলাদেশের অন্তর্ভূতি সরকার অতি সম্প্রতি 'স্থানিক পরিকল্পনা অধ্যাদেশ-২০২৫' চূড়ান্ত অনুমোদন দিয়েছেন। বাংলাদেশের পরিকল্পিত ও টেকসই উন্নয়ন এর জন্য এই অধ্যাদেশ অনুমোদন একটি তৎপর্যপূর্ণ অগ্রগতি। এর মাধ্যমে সারা বাংলাদেশের জন্য জাতীয় স্থানিক পরিকল্পনা (ন্যাশনাল স্পেশিয়াল প্ল্যান) সহ দেশের বিভিন্ন এলাকার জন্য আঞ্চলিক পরিকল্পনা, স্থানীয় এলাকার পরিকল্পনা ও বিশেষায়িত এলাকার জন্য পরিকল্পনা প্রণয়ন করবার উদ্যোগ বেগবান হবে।

**স্থানিক পরিকল্পনা (Spatial Planning)** হলো একটি নির্দিষ্ট এলাকা বা অঞ্চলের ভূমি, সম্পদ, অবকাঠামো ও মানব বসতির পরিকল্পিত ও সুষম ব্যবহার নিশ্চিত করার প্রক্রিয়া, যার মাধ্যমে সামাজিক, অর্থনৈতিক ও পরিবেশগত উন্নয়নকে সমন্বিতভাবে পরিচালনা করা হয়। স্থানিক পরিকল্পনার মাধ্যমে আমাদের ভূমি, সম্পদ ও অবকাঠামোর সুশৃঙ্খল, ভারসাম্যপূর্ণ এবং টেকসই ব্যবহার নিশ্চিত করা সম্ভবপর হবে। স্থানিক পরিকল্পনা হলো কোনো এলাকার ভূমি ও সম্পদের কীভাবে, কোথায়, কতটা এবং কোন উদ্দেশ্যে ব্যবহার হবে তা নির্ধারণ করার বৈজ্ঞানিক ও নীতিনির্ধারণ প্রক্রিয়া।

এর মূল উপাদানগুলো হল- ভূমির সঠিক ব্যবহার, জনসংখ্যা ও সম্পদের ভারসাম্য, পরিবেশ সংরক্ষণ এবং ভবিষ্যৎ পরিকল্পনা ও উন্নয়নের দিকনির্দেশনা। বাংলাদেশে স্থানিক পরিকল্পনার মাধ্যমে নিম্নের লক্ষ্য ও উদ্দেশ্য সাধন করা সম্ভবপর হবে-

◦ **ভূমির সর্বোত্তম ব্যবহার নিশ্চিত করা:**

যে ভূমি কৃষি, বসবাস, শিল্প, বাণিজ্য, বন বা জলাশয়ের জন্য সবচেয়ে উপযুক্ত, তা সে অনুযায়ী ব্যবহার করা— যাতে ভূমির অপচয় না হয়।

◦ **টেকসই নগরায়ন ও গ্রামীণ উন্নয়ন:**

শহর ও গ্রামের মধ্যে উন্নয়নের ভারসাম্য রক্ষা করা, যাতে অতিরিক্ত নগরকেন্দ্রিক চাপ সৃষ্টি না হয়।

◦ **অবকাঠামো ও জনসেবার দক্ষ ব্যটন:**

রাস্তা, পানি, বিদ্যুৎ, শিক্ষা, স্বাস্থ্য ইত্যাদি সুবিধা পরিকল্পিতভাবে বিতরণ করে জীবনমান উন্নয়ন করা।

◦ **পরিবেশ ও প্রাকৃতিক সম্পদ সংরক্ষণ:**

বন, জলাশয়, কৃষিজমি, জীববৈচিত্র্য ইত্যাদি রক্ষা করে টেকসই পরিবেশ সৃষ্টি করা।

◇ **সামাজিক ন্যায়বিচার ও সমতা প্রতিষ্ঠা:**

সব শ্রেণি-পেশার মানুষের জন্য সুযোগ সৃষ্টি করা— যেন কেউ উন্নয়ন থেকে বঞ্চিত না হয়।

◇ **দুর্যোগ বুঁকি হাস:**

বন্যা, ভূমিকম্প, অগ্নিকাণ্ড বা ভূমিধসের বুঁকি বিবেচনায় নিরাপদ বসতি ও অবকাঠামো পরিকল্পনা করা।

◇ **ভবিষ্যৎ পরিকল্পনা ও উন্নয়ন এর জন্য দিকনির্দেশনা প্রদান:**


দীর্ঘমেয়াদে জনসংখ্যা বৃদ্ধি, অর্থনৈতিক পরিবর্তন ও প্রযুক্তিগত অগ্রগতির সাথে খাপ খাওয়ানোর উপযোগী পরিকল্পনা ও উন্নয়ন কাঠামো তৈরি করা।

বাংলাদেশে ভূমির পরিমাণ সীমিত হলেও জনসংখ্যা দ্রুত বাঢ়ছে। ফলে কৃষিজমি, বসতভিটা, শিল্প এলাকা, বন, নদী ও জলাশয়ের মধ্যে সংঘাত তৈরি হচ্ছে। এই প্রেক্ষাপটে স্থানিক পরিকল্পনার মাধ্যমে কোথায় নগর এলাকা হবে, কোথায় শিল্প স্থাপন করা হবে, কোথায় কৃষি বা বন সংরক্ষণ করা উচিত, কোন এলাকা আবাসনের জন্য উপযুক্ত, কোথায় অবকাঠামো নির্মাণ করা হবে —

এসব বিষয় পরিকল্পনাগত বিশ্লেষণ ও উপযুক্ত যাচাইয়ের মাধ্যমে নির্ধারণ করা সম্ভবপর হবে।

আগামী দিনের জন্য বসবাসযোগ্য বাংলাদেশে সুষম ও টেকসই উন্নয়নের মূল চ্যালেঞ্জ তাই কেবল অর্থনৈতিক উন্নয়ন নিশ্চিত করা নয়, বরং উন্নয়নের সুফল সবার কাছে কতটা ভারসাম্যপূর্ণভাবে ব্যটন করা যায়, সেটা নিশ্চিত করতে সম্ভব দেশের পরিকল্পনামাফিক উন্নয়ন নিশ্চিত করা প্রয়োজন।

এই অভীষ্ট লক্ষ্য অর্জনে নগর এলাকার মানুষের জন্য পরিকল্পিত উপায়ে আবাসনসহ নাগরিক সুবিধা ও পরিষেবাগুলো পৌছে দিতে যথাযথ পরিকল্পনা প্রণয়ন এবং তার কার্যকর বাস্তবায়ন প্রয়োজন। বাংলাদেশের সব নগর ও জনবসতি এলাকায় উন্নয়নবৈষম্য কমানোর পাশাপাশি সবার জন্য টেকসই ও অন্তর্ভুক্তিমূলক উন্নয়ন নিশ্চিত করা হবে—এটাই আমাদের প্রত্যাশা।



# Sustainable Cities and Communities



বাংলাদেশ ইনসিটিউট অব প্ল্যানার্স (বিআইপি)  
BANGLADESH INSTITUTE OF PLANNERS (BIP)